# অন্তঃশুল্ক ( সীরাজাত সুরা ) আইন, ১৮৯০

( ১৮৯০-এর ১৩নং আইন )

[1]*** সামুদ্রিক বহিঃশুল্ক আইন, ১৮৭৮-এর স্পিরিট সংক্রান্ত কোন কোন বিধান সীরাজাত সুরার ক্ষেত্রে প্রয়োগ করণার্থ আইন।

[ ২৮শে মার্চ, ১৮৯০ ]

১৮৭৮-এর ৮। যেহেতু [2]*** সামুদ্রিক বহিঃশুল্ক আইন, ১৮৭৮-এর স্পিরিট সংক্রান্ত কোন কোন বিধান সীরাজাত সুরার ক্ষেত্রে প্রয়োগ করা সঙ্গত;

অতএব এতদ্দারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল :—

১। (১) এই আইন অন্তঃশুল্ক ( সীরাজাত সুরা ) আইন, ১৮৯০ নামে অভিহিত হইবে; [3]*** নাম।

[3]* * * * * *

২—৫। [ অন্তঃশুল্ক আইন, ১৮৮১ ( ১৮৮১-র ২২ )-এর সংশোধন। ] অন্তঃশুল্ক আইন, ১৮৯৬ ( ১৮৯৬-এর ১২ )-এর ২ ধারা ও তফসিল দ্বারা নিরসিত।

৬—৭। [ বঙ্গীয় অন্তঃশুল্ক আইন, ১৮৭৮ (১৮৭৮-এর বঙ্গীয় ৭)-এর সংশোধন। ] বঙ্গদেশে বঙ্গীয় অন্তঃশুল্ক আইন, ১৯০৯ (১৯০৯-এর বঙ্গীয় ৫) দ্বারা নিরসিত এবং আসামে পূর্ববঙ্গ ও আসাম অন্তঃশুল্ক আইন, ১৯১০ (১৯১০-এর পূর্ববঙ্গ ও আসাম ১)-এর ২ ধারা দ্বারা নিরসিত।

৮। [ বঙ্গীয় পরিষদের বিধানিক প্রাধিকারের ব্যাবৃত্তি। ] বঙ্গদেশে বঙ্গীয় অন্তঃশুল্ক আইন, ১৯০৯ ( ১৯০৯-এর বঙ্গীয় ৫ ) দ্বারা নিরসিত এবং আসামে পূর্ববঙ্গ ও আসাম অন্তঃশুল্ক আইন, ১৯১০ (১৯১০-এর পূর্ববঙ্গ ও আসাম ১)-এর ২ ধারা দ্বারা নিরসিত।

---

[1]"অন্তঃশুল্ক আইন, ১৮৮১, এবং বঙ্গীয় অন্তঃশুল্ক আইন, ১৮৭৮ সংশোধন করণার্থ এবং" এই শব্দ ও সংখ্যাসমূহ ১৯১৪-র ১০ আইনের ৩ ধারা ও তফসিল ২ দ্বারা নিরসিত।

[2]"অন্তঃশুল্ক আইন, ১৮৮১, এবং বঙ্গীয় অন্তঃশুল্ক আইন, ১৮৭৮ সংশোধন করা এবং" এই শব্দ ও সংখ্যাসমূহ ১৯১৪-র ১০ আইনের ৩ ধারা ও তফসিল ২ দ্বারা নিরসিত।

[3]"এবং" এই শব্দটি ও (২) উপধারা ঐ আইনের ৩ ধারা ও তফসিল ২ দ্বারা নিরসিত।

## সীরাজাত সুরার রপ্তানির ক্ষেত্রে অন্তঃশুল্কের ফিরত

সীরাজাত সুরার ক্ষেত্রে ১৮৭৮-এর ৮ আইনের ১৫০ ধারার বিধান-সমূহের প্রয়োগ।

[৪]৭। [৫][ ১৯৫৬-র ১লা নভেম্বরের অব্যবহিত পূর্বে যে সকল রাজ্যক্ষেত্র ভাগ ক রাজ্যসমূহে ও ভাগ গ রাজ্যসমূহের অন্তর্ভুক্ত ছিল সেই সকল রাজ্যক্ষেত্রে ] প্রস্তুত ও কোন বৈদেশিক বন্দরে রপ্তানিকৃত স্পিরিটের উপর প্রদত্ত অন্তঃশুল্কের কোন ফিরত সংক্রান্ত সুবিধা সম্পর্কে এবং ঐরূপ স্পিরিটের পরিমাণ অনুসারে ঐ ফিরতের প্রনিয়ন্ত্রণ সম্পর্কে সামুদ্রিক বহিঃশুল্ক আইন, ১৮৭৮-এর ১৫০ ধারার বিধানসমূহ, যতদূর পর্যন্ত ঐগুলি প্রযোজ্য করা যাইতে পারে ততদূর পর্যন্ত, [৫][উক্ত রাজ্যক্ষেত্রসমূহে] সীরা হইতে প্রস্তুত ও ঐরূপে রপ্তানিকৃত সঞ্চিত সুরার ক্ষেত্রে এবং ঐরূপ সুরার উপর প্রদত্ত অন্তঃশুল্কের ফিরতের ক্ষেত্রে প্রযুক্ত হইবে।

১৮৭৮-এর ৮।

---

[৪]৭ ধারা খোন্দমল্‌স্ জিলায় খোন্দমল্‌স্ বিধিসমূহ প্রনিয়ম, ১৯৩৬ (১৯৩৬-এর ৪)-এর ৩ ধারা ও তফসিল দ্বারা; এবং অঙ্গুল জিলায় অঙ্গুল বিধিসমূহ প্রনিয়ম, ১৯৩৬ (১৯৩৬-এর ৫)-এর ৩ ধারা ও তফসিল দ্বারা বলবৎ বলিয়া ঘোষিত হইয়াছে।

[৫]বিধিসমূহের অভিযোজন (নং ২) আদেশ, ১৯৫৬ দ্বারা "ভাগ ক রাজ্যসমূহ ও ভাগ গ রাজ্যসমূহ"-এর স্থলে প্রতিস্থাপিত।